



কার্যালয়  
জোনাল কমান্ডার পূর্ব জোন  
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী  
মৎস্য বন্দর, চট্টগ্রাম

বিজ্ঞপ্তি নং ৪৪.০৮.১৫৬১.২০০.০৬.০০২.১৯.১৫৭৬ তারিখ ১৯ মে ২০১৯।

২০১৯-২০২০ অর্থ বছরে কোস্ট গার্ড বাহিনী পূর্ব জোন, চট্টগ্রামে সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভূক্তি এবং নবায়ন প্রসংগে

সূত্রঃ

ক। কোস্ট গার্ড বাহিনী সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.১৯.৭২৬ তারিখ ৩০ এপ্রিল ২০১৯।

১। বাংলাদেশ কোস্ট গার্ডে ২০১৯-২০২০ অর্থ বছরে কোস্টগার্ড বাহিনী পূর্ব জোন, চট্টগ্রামের জন্য নিম্নবর্ণিত শ্রেণীর জন্য আগ্রহী ঠিকাদারদের তালিকাভূক্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শ্রেণী 'ক': সকল প্রকার পণ্য সামগ্রী ও খুচরা যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠান।

শ্রেণী 'খ': অফিস ও অন্যান্য যন্ত্রপাতি মেরামতকারী প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিসি, মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণী 'গ': মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভূক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহকে মুসক-৮ ফরমে Procurement Provider হিসাবে এবং খ ও গ শ্রেণীভূক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মুসক-৮ ফরমে নির্বদ্ধি হতে হবে।

৩। তফসিলের মূল্য, তালিকাভূক্তি ও নবায়ন ফিঃ

ক। তফসিলের মূল্য ৫০০/০০ (পাঁচশত) টাকা। (বিসিজি বেইস চট্টগ্রামে পাওয়া যাবে)

খ। শ্রেণী ভিত্তিক তালিকাভূক্তির ফি টাকা ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র) (অফেরৎ যোগ্য, সরকারী কোষাগারে জমা করা হবে)।

গ। শ্রেণী ভিত্তিক নবায়ন ফি টাকা ২,০০০/০০ (দুই হাজার) (অফেরৎ যোগ্য, সরকারী কোষাগারে জমা করা হবে)।

৪। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে জোনাল কমান্ডার, কোস্ট গার্ড বাহিনী পূর্ব জোন বরাবর প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ফোন ও মোবাইল নং সহ স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এ ছাড়াও প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা (যোগাযোগ নম্বর সহ) জানাতে হবে। আবেদনপত্রের সহিত প্রয়োজনীয় ব্যাংক ড্রাফ্ট/পে অর্ডার ("আয়ন ও ব্যয়ণ কর্মকর্তা পূর্ব জোন") বরাবর সংযুক্ত করতে হবে। তালিকাভূক্তির জন্য অবিবেচিত হলে প্রদেয় অর্থ ফেরৎ দেওয়া হবে।

৫। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এ ছাড়াও অন্যান্য প্রয়োজনীয় সনদ/সার্টিফিকেট সংশ্লিষ্ট ইস্যুকারী অফিস হতে যাচাই/নিরীক্ষা করা হবেঃ

ক। ট্রেড লাইসেন্সের হালনাগাদ কপি।

খ। হালনাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট।

গ। হালনাগাদ ভ্যাট নিবন্ধন সনদের কপি।

ঘ। ব্যাংক সক্ষমতার সনদপত্র।

ঙ। প্রতিনিধির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি।

চ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ছ। পে অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (যা প্রযোজ্য)।

৬। বর্তমানে তালিকাভূক্ত সরবরাহকারী/ঠিকাদারগণকেও তালিকাভূক্ত নবায়নের জন্য অবেদন করতে হবে। সকল প্রকার অবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ ১০ জুন ২০১৯। উল্লেখ্য, অন্যান্য সরকারী সংস্থার কালো তালিকাভূক্ত/অযোগ্য প্রতিষ্ঠান সমূহের তালিকাভূক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

৭। জোনাল কমান্ডার পূর্ব জোন, কোস্ট গার্ড বাহিনী কোন কারণ দর্শানো ব্যতীত আবেদনপত্র বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করেন।

ফারাবী-ইবনে-হোসাইন

লেং কমান্ডার বিএন

পক্ষে জোনাল কমান্ডার পূর্ব জোন